



খুলনা শহরে অসহায় মানুষের মাঝে খাদ্য বিতরণ কার্যক্রমঃ

স্বাস্থিকের এবারের কার্যক্রমটি হল শহরের অসহায় মানুষের মাঝে একবেলা খাবার বিতরণের মাধ্যমে অসহায় মানুষের পাশে দাঁড়ানো। একবেলা হলেও স্বাস্থিক পরিবারের সহযোগিতায় অসহায় মানুষগুলো পেটপুরে খাওয়ার সুযোগ পায়। স্বাস্থিক পরিবার সবসময় নিজে স্বপ্ন দেখে ও অন্যকে স্বপ্ন দেখায়।

খুলনা শহরের অসহায় মানুষের মাঝে খাদ্য বিতরণ কার্যক্রমটির প্রকল্প সমন্বয়কের দায়িত্ব পালন করেন অল্লান বিশ্বাস। তার একান্ত প্রচেষ্টায় আমরা খুলনা শহরের বিভিন্ন অলিগলি ঘুরে মোট ৪০ জন অসহায় মানুষের রাতের একবেলা খাবারের ব্যবস্থা করতে সক্ষম হই।

আমাদের এই কার্যক্রমটি পরিচালনা করার জন্য মোট বাজেট রাখা হয় ১৫০০ টাকা, যা স্বাস্থিকের নিজস্ব ফান্ড হতে বরাদ্দ দেওয়া হয়।

কার্যক্রমটির হিসাবের বিবরণঃ

১। খিচুড়ি= ১২৫০ টাকা

২। যাতায়াত= ১৭০ টাকা

মোট= ১৪২০ টাকা

এই কার্যক্রমে স্বাস্থিকের সকল সদস্য সক্রিয় ভাবে অংশগ্রহণ করে। প্রকল্প সমন্বয়ক স্বাস্থিক পরিবারের সকল সদস্যের সহযোগিতায় কাজটি সুন্দর ভাবে সম্পন্ন করে।

পরিশেষে বলা যায়, স্বাস্থিক পরিবারের এসব কার্যক্রম অসহায় মানুষগুলোকে একটু হলেও বাঁচার স্বপ্ন দেখাবে। আর স্বাস্থিক পরিবার সর্বদা এমন ভাবে অসহায় মানুষের পাশে থাকবে।

প্রতিবেদক

চিরঞ্জিত বিশ্বাস

২২/০১/২০২২

তথ্য ও নথি সংরক্ষণ নির্বাহী(সিটয়ারিং কমিটি)